## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অর্থ মন্ত্রণালয় অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

## [ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুক্ক ]

## প্রজ্ঞাপন

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ/২৭ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৪৫-আইন/২০২৪/২৫১-মুসক। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ১১ জুন, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৫৫-আইন/২০২০/১১৬-মূসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা ২৪.০২ ও কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S Code) ২৪০২.২০.০০ এর বিপরীতে কলাম (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

তামাকযুক্ত সিগারেট (Cigarettes Containing	
Tobacco) প্রতি দশ শলাকা সিগারেটের সর্বোচ্চ খুচরা	
মূল্য (প্যাকেটের গায়ে সর্বোচ্চ খুচরা মূল্য, সিগারেটের	
সংখ্যা, সুস্পষ্ট লক্ষণীয় ও অনপনীয়ভাবে মুদ্রিত	
থাকিবার এবং ফ্রেভারিং ক্যাপসুল সম্বলিত সিগারেট	
বাজারে নিমু স্তরে সরবরাহের ফলে ধূমপায়ীর সংখ্যা	
বৃদ্ধির কারণে জনস্বাস্থ্যের ঝুঁকি বৃদ্ধি পাইতে পারে বিধায়	
স্বাস্থ্য ঝুঁকি বিবেচনায় ফ্লেভারিং ক্যাপসুল সম্বলিত	
সিগারেট মধ্যম স্তরের নিম্নে সরবরাহ না করিবার শর্তে)	
নিম্ন স্তর- ৫০ টাকা ও তদূর্ধ্ব	৬০
মধ্যম স্তর- ৭০ টাকা ও তদূর্ধ	৬৫.৫
উচ্চ স্তর- ১২০ টাকা ও তদূর্ধ্ব	৬৫.৫
অতি উচ্চ স্তর-১৬০ টাকা ও তদূর্ধ্ব	৬৫.৫

,,

২। এই প্রজ্ঞাপন ৬ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে, (আবু হেনা মোঃ রহমাতুল মুনিম) সিনিয়র সচিব